
bengalioldsongs.in



ধনঞ্জয় ভট্টাচার্য

সুনিপুণ জনপ্রিয় শিল্পী এবারের রেকর্ডটিতে যে সুরের ইন্দ্রজাল রচনা করেছেন তা সকল সংগীত-রসিককেই মুগ্ধ করবে।

ধনঞ্জয় ভট্টাচার্য

**Dhananjay Bhattacharyya**

কথা :—শ্যামল গুপ্ত　　সুর :—বিশু মুখোপাধ্যায়

**GE 24966** এসো তোমায় গান শোনাই
ঢেউ দিলো কে গো আজ

(১)

এসো এসো তোমায় গান শোনাই,
এ গানে ঘুমের দেশে ফুলপরীদের
স্বপন জরির জাল বোনাই।
মায়াবী চাঁদের আলো
অঝোর ধারে
ভালবাসার মায়ায় ভরে
সবার মনের সব কোনাই॥

এ গানে কেয়া বনে
সজল হাওয়া
পাতায় মিতালী গো
এ গানে দেয় যে ধরা
সোনার মায়ামৃগ।

এ গানে যে ভোলে
তার মনের কোলে
পুরাণ স্মৃতি আবার
জাগবে বলে
হঠাৎ-জাগা পাখীর ডাকে
চমক ভাঙা দিন গোনাই॥*

(২)

ঢেউ দিলো কে গো আজ
চঞ্চল বাতাসে।
জান কি তা' জান কি
জান কি তা জান সে॥

কার আঁখি জাগে ঐ
তারা হয়ে আকাশে
জান কি তা জান কি
জান কি তা জান সে॥

কেন ঐ বনতল ফুলে ফুলে টলমল
ভাললাগা মধুমাস ভালবেসে উচ্ছল
ঐ, কোন সুরে পাখী গায়
জোছনার বিলাসে॥

অকারণ খুশী কেন মন আজ দোলালো
দূরে থাকা কার মায়া কাছে এসে ভোলালো,
মিলনের আঙ্গিনায় কার প্রেম ভাষা চায়
অনুরাগে রাঙা রাত বিহ্বল হয়ে যায়
ঐ, অন্তর ভরে কোন্
অন্তর সুবাসে॥*

—শিল্পীর পূর্ব-প্রকাশিত একখানি রেকর্ড—

**GE 24949** এতো কাছে এসেছো আমার
**আধুনিক**　　তোমার এ পৃথিবীতে